সংবাদ

তারিখ ... 3 FEB 2009 ...
পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## অপর্ণাচরণ ও কৃষ্ণকুমারী স্কুলের জন্য প্রস্তাবিত শিক্ষাবান্ধব বহুতল ভবন ও কমপ্লেক্স নির্মিত হবেই



চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত কৃষ্ণকুমারী ও অপর্ণাচরণ বালিকা বিদ্যালয় দু'টি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। চট্টগ্রাম সিটি কর্পোরেশন এই প্রতিষ্ঠান দু'টিকে সুব্যবস্থাপনার মাধ্যমে বাঁচিয়ে রাখার জন্য অধিগ্রহণ করার পর থেকেই এই দু'টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার মানোন্নয়ন ঘটে। প্রতি বছরই এই বিদ্যালয় দু'টি থেকে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণের হার নব্বই শতাংশেরও উর্ধ্বে।

আজ থেকে ৮২ বছর আগে প্রতিষ্ঠিত প্রাচীন এই দু'টি বিদ্যালয়ের মূল ভবনের বর্তমান অবস্থা জরাজীর্ণ ও পুরাতন। প্রতিষ্ঠার পর থেকেই সিটি কর্পোরেশনের অধিগ্রহণের আগ পর্যন্ত এখানে একটি খুঁটিও পোঁতা হয়নি। নগরীর কেন্দ্রস্থলে অবস্থিত এই দু'টি শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি বছরেই শিক্ষার্থীদের চাপ বাড়ছে। এ কারণে শিক্ষার্থীদের আসন সংখ্যা বৃদ্ধি করে তাদের লেখাপড়ার জন্য পর্যাপ্ত স্থান সংকুলান করা অত্যন্ত প্রয়োজনীয় হয়ে পড়েছে। এই বাস্তবতার নিরিখে পুরাতন ও জরাজীর্ণ ভবন ভেঙ্গে সেখানে বহুতলবিশিষ্ট শিক্ষাবান্ধব নান্দনিক ভবন নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে। প্রস্তাবিত এই শিক্ষা ভবনের নকশায় ২টি বেসমেন্টে কার পার্কিং ফ্লোর, গ্রাউন্ড ফ্লোর অডিটোরিয়াম, এসেম্বলি হল ও লাইব্রেরী, আইটি ভিলেজ, সাংস্কৃতিক সেন্টার এবং দ্বিতীয় তলা থেকে অন্যান্য তলায় শ্রেণী কক্ষ, টিচার্স কমনরুম, প্রশাসনিক কার্যালয়, শিক্ষার্থীদের জন্য ইনডোর স্পোর্টস সেন্টার, ক্যান্টিন ও কমনরুমসহ অন্যান্য শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণের সুযোগ সুবিধা রাখা হয়েছে। এর ফলে এই দু'টি শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানের চেয়ে দ্বিগুণেরও বেশী শিক্ষার্থী পাঠ গ্রহণের সুযোগ পাবে। এছাড়া অদূর ভবিষ্যতে এখানে ছাত্রীদের জন্য উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী কলেজ এবং মহিলাদের জন্য কম্পিউটারসহ বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা করার পরিকল্পনা রয়েছে। তাই কৃষ্ণকুমারী ও অপর্ণাচরণ স্কুলকে প্রস্তাবিত নতুন ভবনে স্থানান্তর করে ভবিষ্যতে একটি শিক্ষাবান্ধব বহুমাত্রিক কমপ্লেক্স গড়ে তোলার এই মহতী পরিকল্পনা এখন বাস্তবায়নের পথে। এই উদ্যোগকে কেউ ঈর্ষাপরায়ণবশতঃ বাধাগ্রস্ত করার জন্য উদ্দেশ্যমূলকভাবে কল্পনাপ্রসূত ও মনগড়া বিভ্রান্তি ছড়াচ্ছেন। ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান দু'টির অবকাঠামোগত উন্নয়ন ও আধুনিক শিক্ষাবান্ধব বলয় নির্মাণের এই মহতী উদ্যোগকে যারা ভিন্ন চোখে দেখেন, তারা শিক্ষা ক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের দেশ-বিদেশে প্রসংশিত ও স্বীকৃত সাফল্যকে নস্যাৎ করার জন্য ন্যাক্কারজনক ভূমিকায় অবতীর্ণ হয়েছেন– যা শিক্ষানুরাগী মহলের কাম্য নয়। তাই আমি দৃঢ়তার সাথে জানাতে চাই, অপর্ণাচরণ ও কৃষ্ণকুমারী স্কুলের জন্য প্রস্তাবিত শিক্ষাবান্ধব বহুতল ভবন ও কমপ্লেক্স নির্মিত হবেই।

**এ. বি. এম. মহিউদ্দিন চৌধুরী**
মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

চসিক/জস/-৩৬/২০০৯